ঝিনাইদহে আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ দিবসে মানববন্ধন

ঝিনাইদহে আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ উপলক্ষে মানববন্ধন কর্মসুচী পালিত হয়েছে। বৃহস্পতিবার সকালে ঝিনাইদহ শহরের পায়রা চত্ত্বরে এক মানববন্ধন অনুষ্ঠিত হয়।

মানববন্ধনে ঝিনাইদহ জেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের উপপরিচালকের নিলুফার রহমান, জেলা আওয়ামী লীগের সাধারন সম্পাদক সাইদুল করিম মিন্টু, সরকারী নুরুন্নাহার মহিলা কলেজের সাবেক অবসরপ্রাপ্ত উপাধ্যক্ষ এনএম শাহজালাল, নারিকেলবাড়ীয়া আমেনা খাতুন ডিগ্রী কলেজের অবসরপ্রাপ্ত অধ্যক্ষ আমিনুর রহমান টুকু ও ওয়েলফেয়ার এফোর্টস (উই) এর শরিফা খাতুন উপস্থিত ছিলেন। এছাড়া বে-সরকারী উন্নয়ন ◌ংস্থার উপস্থিত সংগঠনের প্রতিনিধিগণ হিসেবে উপস্থিত ছিলেন এইড, ব্র্যাক, শিশু নিলয় ফাউণ্ডেশন, সিও, ডাস, মানবাধিকার বাস্তবায়ন সংস্থা ও সিবিও সংগঠন মানবাধিকার নাট্য পরিষদ, মানবাধিকার নারী দল, মানবাধিকার সুরক্ষা।

এসময় বক্তারা বলেন নারীর উপর যৌন নিপীড়নকে অপেক্ষাকৃত কম ভয়াবহ মনে করে একে উপেক্ষা না করা, এর বিরুদ্ধে অনমনীয় ও জোরালো সামাজিক অবস্থান নির্মাণ করা ,নারীর উপর যৌন নিপীড়ন প্রতিরোধ ও প্রতিকার করতে প্রচলিত আইনের সংস্কার ও যুগোপযোগী করা এবং দ্রুত বাস্তবায়ন করা, নারীর উপর সহিংসতা, যৌন নিপীড়ন ও ধর্ষণ সংক্রান্ত সকল আইন বাস্তবায়নের অগ্রগতি নিয়মিত পরিবীক্ষণ ও প্রতিবন্ধকতা সমূহ দূর করতে যথাযথ পদক্ষেপ গ্রহণ করা, যৌন নিপীড়ন প্রতিরোধে সকলকে সম্মিলিতভাবে লড়াই করতে হবে, ঐক্যবদ্ধ প্রতিরোধ গড়ে তুলতে হবে।

মানববন্ধন শেষে নারী ও শিশুর উপর ধর্ষণ ও যৌন সহিংসতা আশঙ্কাজনক হারে বৃদ্ধি ও ন্যায়বিচার না হওয়ায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নিকট জেলা প্রশাসকের মাধ্যমে স্মারকলিপি পেশ করে।

শৈলকুপায় ট্রাফিক পুলিশের বিশেষ অভিযান

ঝিনাইদহের শৈলকুপায় নিবন্ধনবিহীন মোটরসাইকেল ধরতে বিশেষ অভিযানে নেমেছে ঝিনাইদহ ট্রাফিক পুলিশ ও শৈলকুপা থানা পুলিশ। বৃহস্পতিবার সারাদিনব্যাপী নিবন্ধনবিহীন ৩৩টি মোটরসাইকেল জব্দ করা হয়েছে। এছাড়া ২০টি যানবাহনের মামলা দায়ের করা হয়েছে। অভিযান পরিচালনা করেন ঝিনাইদহ ট্রাফিক পুলিশের ট্রফ্রিক ইন্সপেক্টর সালাউদ্দিন ও শৈলকুপা থানা অফিসার ইনচার্জ রফিকুল ইসলাম সহ পুলিশ সদস্যরা। ঝিনাইদহ ট্রাফিক ইন্সপেক্টর সালাউদ্দিন জানায়, ঝিনাইদহ পুলিশ সুপার মুনতাসিরুল ইসলামের নির্দেশে জেলাব্যাপী ট্রাফিক পুলিশ বিশেষ অভিযান পরিচালনা করেছে। এরই ধারাবাহিকতায় আজ শৈলকুপায় অভিযান পরিচালনা করা হলো। এ সময় নিবন্ধনবিহীন ৩৩টি মোটরসাইকেল জব্দ করা হয়। এ ছাড়া হেলমেট, ড্রাইভিং লাইসেন্স ও কাগজপত্র না থাকায় সড়ক আইনের বিভিন্ন ধারায় মোট ৫৩ টি মামলা দায়ের করা হয়েছে।

ইজিবাইকের ধাক্কায় প্রান গেল এলেম মালিথার

ঝিনাইদহ জেলার হরিনাকুন্ডু থানাধীন ৭নং রঘুনাথপুর ইউনিয়নের গ্রামের পাকা রাস্তার অদ্য ২৫/১১/২০২১ ইং তারিখ অনু: ৭:৩০ ঘটিকার সময় উপর এলেম মালিথা (৭৬) পিতা-মৃত বুধই মালিথা, গ্রাম কালাপাড়িয়া থানা হরিণাকুন্ডু জেলা ঝিনাইদহ রাস্তা পার হওয়ার সময় ইজিবাইক চালক মোঃ আলামিন (২২) পিতা আলফাজ উদ্দিন,

গ্রাম মহিষগাড়ি থানা শৈলকুপা জেলা ঝিনাইদহ পিছন থেকে ইজিবাইক দ্বারা সজোরে ধাক্কা দিলে উক্ত এলেম মালিথা রাস্তায় পড়ে মাথায়

গুরুতর আঘাত লেগে রক্তক্ষরণ হয় ঘটনাস্থলে মৃত্যুবরণ করে।

স্থানীয় লোকজন মৃত ব্যক্তিকে হরিণাকুন্ডু উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে

কালীগঞ্জে ইজিবাইকসহ তিন চোর র্যাবের হাতে আটক

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার পাঁচকাউনিয়া গ্রাম থেকে ইজিবাইকসহ তিন চোরকে আটক করেছে ঝিনাইদহ র্যাব। তারা পেশাদার ইজিবাইক চোর বলে র্যাব এক প্রেস বিজ্ঞপ্তিতে জানিয়েছে।

আটককৃতরা হলেন, মাগুরার মোহাম্মদপুর উপজেলার হাজী আফসার মোল্লাল ছেলে মো: রাসেল হোসেন (৩৫), যশোরের বাঘারপাড়া উপজেলার জামালপুর গ্রামের পরশ মোল্লার ছেলে মো: আব্বাস আলী
(৩৮) ও কালীগঞ্জের কাবিলপুর গ্রামের গৌতম ভৌমিকের ছেলে দীপ ভৌমিক (২৫)। তাদের কাছ থেকে চোরাইকৃত দুটি ইজিবাইক ও ১০টি ব্যাটারি উদ্ধার করা হয়েছে।

র্যাব সুত্রে জানা গেছে, গত সোমবার রাতে গোপন সুত্রে খবর পেয়ে র্যাব কালীগঞ্জের পাঁচকাউনিয়া গ্রামে অভিযান চালায়। এ সময় তিন চোর মন্ডল রাইস মিলস এলাকায় কালীগঞ্জ থেকে খাজুরা বাজার গামী পাকা সড়কে একটি সচল ইজি বাইকের সাথে অপর একটি ইজি বাইক বেধে চালিয়ে যাচ্ছিল।

সন্দেহ হলে র্যাব তাদের আটক করে জিজ্ঞাসাবাদ করে। আসামীরা দীর্ঘদিন ধরে চোরাই ইজিবাইক কেনাবেচার সঙ্গে জড়িত বলে তারা স্বীকার করে। এ ঘটনায় কালীগঞ্জ থানায় একটি মামলা হয়েছে।

দায়িত্ব বুঝে নিলেন ঝিনাইদহের নতুন পৌর প্রশাসক

ঝিনাইদহের পৌরসভার দ্বায়িত্ব বুঝে নিলেন নতুন পৌর প্রশাসক স্থানীয় সরকার ও প্রকৌশল বিভাগের উপ- পরিচালক (ডিডিএলজি) ইয়ারুল ইসলাম।
বুধবার দুপুরে ঝিনাইদহ পৌরসভার কার্যালয়ে পৌরমেয়র সাইদুল করিম মিন্টু এই দায়িত্বভার হসান্তর করেন। সেসময় উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক সার্বিক সেলিম রেজা পিএএ। এছাড়াও পৌরসভার বিভিন্ন ওয়ার্ডের কাউন্সিলর ও পৌর সভার সকল কর্মকর্তা কর্মচারী, সাংবাদিক ও সূধীবৃন্দ।
উল্লেখ যে, গত ২১নভেম্বর স্থানীয় সরকার মন্ত্রনালয় থেকে দ্বায়িত্বভার হসান্তর সংক্রান্ত পরিপত্র জারি করে।
জানা যায় ২০১১ সালে১৩ মার্চ নৌকা প্রতীক নিয়ে সাইদুল করিম মিন্টু বিজয়ী হন। ২৮-০৩-২০১১ তারিখ তিনি পৌর মেয়র হিসেবে দায়িত্ব গ্রহণ করেন। সীমানা নির্ধারণ সংক্রান্ত জটিলতায় ৫ বছর পর মেয়াদ শেষে ২০১৬ সালের ২ এপ্রিল নির্বাচন অননুষ্ঠিত হওয়ার কথা থাকলেও আইনী জটিলতায় তা আটকে যায়। পরে মহামান্য হাইকোর্টের আদেশে এ পৌর সভায় স্থানীয় সরকার মন্ত্রণালয়ের পক্ষ থেকে জেলা প্রশাসনের স্থানীয় সরকার উপ-পরিচালক মোঃ ইয়ারুল ইসলামকে পৌর প্রশাসক হিসেবে নিয়োগ দেওয়া হয়। তারই ধারাবাহিকতায় এই ক্ষমতা হস্তান্তর ও দ্বায়িত্ব গ্রহণ অনুষ্ঠিত হয়।

ঝিনাইদহে নারীদের মাঝে বিনামুল্যে বাছুর বিতরণ

নারীদের আত্মকর্মসংস্থানের মাধ্যমে পরিবারের আর্থিক স্বচ্ছলতা বাড়াতে ঝিনাইদহে হতদরিদ্র পরিবারদের মাঝে বিনামূল্যে বকনা গরু বিতরণ করা হয়েছে।

মঙ্গলবার সকালে সদর উপজেলা পরিষদ চত্বরে বাংলাদেশ এনজিও ফাউন্ডেশনের অর্থায়নে এ অনুষ্ঠানের আয়োজন করে ঝিনাইদহের যৌথ অগ্রসরমান সৃজক সংস্থা (জাগো)।

সেসময় সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা এস এম শাহীন, ভাইস চেয়ারম্যান রাশিদুর রহমান রাসেল, যৌথ অগ্রসরমান সৃজক সংস্থা (জাগো)’র সভাপতি নুরুল ইসলাম, নির্বাহী পরিচালক সাজ্জাদুল শরীফ, পাগলা কানাই ইউনিয়ন পরিষদের সংরক্ষিত নারী আসনের সদস্য শেফালী খাতুনসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে সদর উপজেলার পাগলা কানাই ইউনিয়নের কোরাপাড়া গ্রামের ৭ জন নারীর মাঝে গরুর বকনা বাছুর বিতরণ করা হয়। এর আগে গাভী পালনের উপর ওই নারীদের প্রশিক্ষণ প্রদাণ করা হয়।

কালীগঞ্জে পিকআপ চাপায় অজ্ঞাত বৃদ্ধ নিহত

ঝিনাইদহের কালীগঞ্জ-গান্না সড়কে কাঁচামাল বোঝাই পিকআপ চাপায় অজ্ঞাত (৬০) এক মোটরসাইকেল আরোহী নিহত হয়েছেন। এ সময় মোটরসাইকেল চালক আহত হয়েছেন।

মঙ্গলবার সন্ধ্যা সাড়ে ৬ টার দিকে উপজেলার আলাইপুর নামক স্থানে এ দুর্ঘটনা ঘটে। প্রতিবেদন লেখা পর্যন্ত অজ্ঞাত বৃদ্ধের ও আহত মোটরসাইকেল চালকের নাম-পরিচয় জানা যায়নি।

প্রত্যক্ষদর্শীরা জানায়, বিকেলে খুব দ্রুত গতিতে কাঁচামাল বোঝাই একটি পিকআপ কালীগঞ্জ শহরের দিকে যাচ্ছিল। পথিমধ্যে আলাইপুর নামক স্থানে পৌঁছালে নিয়ন্ত্রণ হারিয়ে মোটরসাইকেলটিকে চাপা দেয়। মোটরসাইকেলে থাকা দুইজন রাস্তার উপর পড়ে গুরুতর আহত হয়। এ সময় ঘটনাস্থলেই অজ্ঞাত বৃদ্ধের মৃত্যু হয়। স্থানীয়দের খবর পেয়ে কালীগঞ্জ ফায়ার সার্ভিসের কর্মীরা ঘটনাস্থলে পৌঁছে তাদের উদ্ধার করে।

কালীগঞ্জ ফায়ার সার্ভিসের স্টেশন অফিসার শেখ মামুনুর রশিদ জানান,

পিকআপ চাপায় মোটরসাইকেলে থাকা এক ব্যক্তির ঘটনাস্থলেই মৃত্যু হয়েছে। আহত অন্যজনকে উদ্ধার করে কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এ ভর্তি করা হয়। পরবর্তীতে আহত ব্যক্তির অবস্থা আশঙ্কাজনক হওয়ায় তাকে যশোর হাসপাতালে রেফার্ট করা হয়েছে।

আসন্ন ইউপি নির্বাচন ঘিরে কোটচাঁদপুরে ট্রাফিক পুলিশের বিশেষ অভিযান

সড়ক দূর্ঘটনা রোধ ও আসন্ন ইউপি নির্বাচনে আইন-শৃঙ্খলা বজায় রাখতে ঝিনাইদহের কোটচাঁদপুরে বিশেষ অভিযান চালিয়েছে জেলা ট্রাফিক পুলিশ। এসময় রেজিষ্ট্রেশন বিহীন ২৭টি মোটরসাইকেল জব্দ ও বিভিন্ন ধারায় ৫১ টি মামলা দেওয়া হয়েছে।

মঙ্গলবার দুপুরে পৌর শহরের মেইন বাসষ্টান্ড সহ বিভিন্ন পয়েন্টে চেকপোষ্ট বসিয়ে এ অভিযান পরিচালনা করা হয়। অভিযানের নের্তৃত্ব দানকারী ঝিনাইদহ ট্রাফিক বিভাগের ইনচার্জ ইন্সপেক্টর সালাহ্উদ্দিন জানান, সারা দেশে সড়ক দূর্ঘটনা বেড়ে যাওয়া, বেপরোয়া মোটরসাইকেল চালানো, আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচনে আইন-শৃঙ্খলা বজায় ও রেজিষ্ট্রেশন বিহীন মোটরসাইকেল জব্দ করতে জেলা পুলিশ সুপারের নির্দেশনায় মঙ্গলবার সকাল থেকে কালিগঞ্জ ও কোটচাঁদপুরের বিভিন্ন পয়েন্টে চেকপোষ্ট বসিয়ে অভিযান পরিচালনা করা হয়।

এসময় নিবন্ধনহীন ও কাগজপত্রে বিভিন্ন অনিয়মের কারণে ৫১ টি মামলা ও ২৭টি মোটরসাইকেল জব্দ করা হয়। পরে জব্দকৃত মোটরসাইকেল কোটচাঁদপুর ও কালিগঞ্জ থানা পুলিশের হেফাজতে রাখা হয়।

অভিযানে ইন্সপেক্টর মশিয়ুর রহমান, সার্জেন্ট আসাদ, সার্জেন্ট শুভ্র, সার্জেন্ট মোজাফফর সহ থানার সেকেন্ড অফিসার এসআই আব্দুল মান্নান, এসআই আনোয়ারুল ইসলাম ও উপ-পরিদর্শক কালাম এবং থানা পুলিশের একটি টিম উপস্থিত ছিলেন

কোটচাঁদপুরে ইজিবাইকের ধাক্কায় শিশুর মৃত্যু

ঝিনাইদহের কোটচাঁদপুরে ইজিবাইকের ধাক্কায় বাবার হাত থেকে ছিটকে পড়ে রোহান নামে ১৪ মাসের এক শিশু পুত্রের মর্মান্তিক মৃত্যু হয়েছে।

মঙ্গলবার বিকালে উপজেলার গুড়পাড়া গ্রামে এ দূর্ঘটনা ঘটে। এ ঘটনায় ঘাতক ইজিবাইক দুটি আটক করেছে পুলিশ। নিহতের চাচা জানান, মঙ্গলবার সকালে গুড়পাড়া থেকে শিশুটি বাবা-মায়ের সঙ্গে নানা বাড়ি পৌর শহরের নওদাগা গ্রামে যাচ্ছিল। পথিমধ্যে বকশিপুর গ্রামে আসলে বিপরিত দিক থেকে আসা মাছ বোঝায় একটি আলমসাধুকে সাইড দিতে সড়কের পাশে দাড়ায়।

এসময় পিছন দিকে থেকে অন্য একটি ইজিবাইক তাদের কে ধাক্কা দেয়। এতে ইজিবাইকটি উল্টে গেলে বাবার কোলে থাকা শিশু রোহান সড়কের উপর ছিটকে পড়ে। দূর্ঘটনায় রোহান মাথায় গুরতর আঘাত পায়।

স্থানীয়রা আহত শিশুটিকে উদ্ধার করে কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে যশোর জেনারেল হাসপাতালে পাঠায়। উন্নত চিকিৎসার জন্য কোটচাঁদপুর থেকে দ্রুত শিশুটিকে যশোর নেওয়ার পথে পথিমধ্যে তার মৃত্যু হয়।

এঘটনায় পুলিশ আলমসাধু সহ ইজিবাইক দুটিকে আটক করেছে। এদিকে একমাত্র ছেলেকে হারিয়ে পাগল প্রায় রোহানের বাবা-মা। রোহান গুড়পাড়া গ্রামের রাশেদ মোল্লার একমাত্র ছেলে।

কালীগঞ্জ ইউপি নির্বাচন ত্রিলোচনপুর ইউপির চেয়ারম্যান প্রার্থী তৃতীয় লিঙ্গের নজরুল

সারা দেশে নির্বাচনী উৎসব চলছে। আর এই উৎসবে নতুনমাত্রা যোগ করেছে তৃতীয় লিঙ্গের চেয়ারম্যান প্রার্থী। ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার ৬নং ত্রিলোচনপুর ইউনিয়ন পরিষদ নির্বাচনে চেয়ারম্যান পদে নির্বাচন করছেন তৃতীয় লিঙ্গের নজরুল ইসলাম ঋতু। তার প্রতীক আনারস।

আগামী ২৮ নভেম্বর উপজেলার ১১ ইউনিয়নের ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। চেয়ারম্যান পদে আরও নির্বাচন করছেন নৌকা প্রতীক নিয়ে নজরুল ইসলাম ছানা ও হাতপাখা প্রতীক নিয়ে মাহবুবুর রহমান। নজরুল ইসলাম ঋতু উপজেলার ত্রিলোচনপুর ইউনিয়নের দাদপুর গ্রামের মৃত আব্দুল কাদেরের সন্তান। তার আরও তিন ভাই ও তিন বোন রয়েছে। তিন ভাই ঢাকায় থাকেন ও বোনদের বিয়ে হয়ে গেছে।

তৃতীয় লিঙ্গের চেয়ারম্যান প্রার্থী নজরুল ইসলাম ঋতু জানান, জন্মের পর তৃতীয় লিঙ্গ প্রকাশ পাওয়ার পর ৫ বছর বয়সে তাকে গ্রাম ছেড়ে ঢাকায় চলে যেতে হয়। সামান্য লেখাপড়া করলেও সামাজিক নানা প্রতিবন্ধকতায় প্রাথমিকের গণ্ডি আর পেরোনো হয়নি। ছোটবেলা থেকেই ঢাকার ডেমরা থানায় তার দলের গুরুমায়ের কাছেই বেড়ে ওঠা। এখন তার বয়স ৪৩ বছর।

তিনি আরও বলেন, এলাকার মানুষ আমাকে ভালোবেসে দাঁড় করিয়েছে। ভোটে জয়ী বা পরাজিত হলেও জীবনের বাকিটা সময় নিজ গ্রামসহ ইউনিয়নবাসীর সেবা করে যাব। শত্রুতা করে নির্বাচনী এলাকায় পোস্টার টাঙালে ছিঁড়ে ফেলে দিচ্ছেন প্রতিপক্ষরা। তার কর্মী- সমর্থকদের হুমকি ও মারধর করা হচ্ছে বলে তিনি অভিযোগ করেন। নির্বাচন সুষ্ঠু ও নিরপেক্ষ হলে তিনি আশা করছেন বিপুল ভোটে জয়লাভ করবেন।

লাউতলা এলাকার শাহাদত হোসেন রিওন বলেন, এলাকায় যিনি উন্নয়ন করবেন, মানুষের পাশে থাকবেন তাকেই ভোট দেবেন এলাকাবাসী। এই ইউনিয়নে তৃতীয় লিঙ্গের প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করায় আলাদা নির্বাচনে আলাদা মাত্রা যোগ করেছে। সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন

সবাই আশা করছেন।

মাহবুব হোসেন নামে আরেকজন বলেন, এই ইউনিয়নে তিন প্রার্থী চেয়ারম্যান পদে প্রতিদ্বন্দ্বিতা করছেন। এর মধ্যে নৌকার প্রার্থী নজরুল ইসলাম সানা ও স্বতন্ত্র প্রার্থী তৃতীয় লিঙ্গের নজরুল ইসলাম ঋতুর মধ্যে তুমুল প্রতিদ্বন্দ্বিতা হবে।

কালীগঞ্জ উপজেলা নির্বাচন কর্মকর্তা আলমগীর হোসেন জানান, ইতোমধ্যে তিনটি ইউনিয়নে বিনা প্রতিদ্বন্দ্বিতায় তিন চেয়ারম্যান নির্বাচিত হয়েছেন। ৬নং ত্রিলোচনপুর ইউনিয়নে নজরুল ইসলাম ঋতু নামে একজন তৃতীয় লিঙ্গের প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন। উল্লেখ্য, আগামী ২৮ নভেম্বর ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার ১১ ইউনিয়নের নির্বাচন। চেয়ারম্যান পদে ২৯ প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন।